বানের পানি – শচীন্দ্র নাথ গাইন

ঘরের মেঝেয় কোমর পানি
বাড়ছে পানি ধাপে
পানির গতি তীব্র দেখে
পরাণ ভারি কাঁপে।

পানির তোড়ে কঠিন ভূমি যায় ভেঙে যায় ধসে
পানির আঘাত পেয়ে দেয়াল পড়ছে খসে খসে।

একটু পানি কমে আবার
হু হু করে বাড়ে
স্রোতের টানে ভাসিয়ে নিয়ে অনেক জীবন কাড়ে।

উজানপানি মিশছে এসে
বর্ষাপানির সাথে
খাবার পানির অভাব তবু
চলছে দিনে-রাতে।

পানির কারণ বানভাসিরা
এখন চরম দুখে
থাকা-খাওয়ার কষ্টগুলো
বাঁধছে বাসা বুকে।

শর্মিলী আহমেদের মৃত্যুতে

সুবর্ণা মুস্তাফার হৃদয়স্পর্শী পোস্ট

নাটক, চলচ্চিত্র ও মঞ্চের প্রিয়মুখ শর্মিলী আহমেদের মৃত্যুতে শোকাহত সিনে পরিবার। তার পরিবার, সহকর্মী ও শুভানুধ্যায়ীদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

চার শতাধিক নাটকে অভিনয় করা গুণী এ শিল্পীর মৃত্যু কিছুতেই মানতে পারছেন না তার সহকর্মী সুবর্ণা মুস্তাফা।

শুক্রবার সকাল সাড়ে ১০টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেইজে সংসদ সদস্য সুবর্ণা মুস্তাফা লিখেছেন, আমাদের সময়ের অসাধারণ এক অভিনয়শিল্পী, আমার প্রিয় চাচি আজ সকালে নিজ বাসায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। তার আত্মার শান্তি কামনা করছি। তার প্রয়াণে গোটা নাট্যজগত তাদের সবার প্রিয় ‘আম্মা’কে হারালেন।

জানা গেছে, মৃত্যুর সময় শর্মিলী আহমেদের বয়স হয়েছিল ৭৫ বছর। শর্মিলী আহমেদের প্রকৃত নাম মাজেদা মল্লিক। ১৯৪৭ সালের ৮ মে তার জন্ম। এই জনপ্রিয় অভিনেত্রী অভিনয় শুরু করেন মাত্র চার বছর বয়স থেকে।

রাজশাহী বেতারের শিল্পী ছিলেন তিনি। ষাটের দশকে চলচ্চিত্রাঙ্গনে নাম লেখান শর্মিলী। এর মধ্যে অবশ্য প্রথম চলচ্চিত্র ‘ঠিকানা’ (উর্দু ভাষায় নির্মিত) আলোর মুখ দেখেনি। তবে সুভাষ দত্তের ‘আলিঙ্গন’, ‘আয়না ও অবশিষ্ট’ এবং ‘আবির্ভাব’ চলচ্চিত্র দিয়ে সুপরিচিত হয়ে ওঠেন।

শর্মিলী আহমেদের স্বামী রকিবউদ্দিন আহমেদও ছিলেন পরিচালক। তার নির্মিত ‘পলাতক’ ছবিতে অভিনয় করেছেন শর্মিলী আহমেদ।

এ পর্যন্ত প্রায় ৪০০ নাটক ও ১৫০টি চলচ্চিত্রে অভিনয় করেছেন তিনি। অভিনয়জীবনে মঞ্চ, টিভি ও চলচ্চিত্রের বৈচিত্র্যপূর্ণ চরিত্রে অভিনয় করেছেন তিনি।

চলচ্চিত্রে ‘মা’ ও ‘দাদি’ চরিত্রে বেশি অভিনয় করেছেন শর্মিলী। তাই প্রায় সবাই তাকে ‘শর্মিলী মা’ বলে ডাকত। তার সাবলীল অভিনয়গুণে সবাই মুগ্ধ। পরিবারের মায়ের আমৃত্যু সংগ্রাম,

দায়িত্ববোধ, ধৈর্য ও সহিষ্ণুতা ফুটে উঠত তার অভিনয়ে।

দামুড়হুদায় কাঠ বোঝায় পাওয়ার টিলার উল্টে চালক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় কাঠ বোঁঝাই পাওয়ার টিলার নিচে পড়ে চালক শামিম হোসেন (২২) নিহত ।

আজ ৮ জুলাই শুক্রবার সকাল ৬টার দিকে দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে এই দুর্ঘটনা ঘটে। নিহত শামিম হোসেন জীবননগর উপজেলার খয়েরহুদা গ্রামের মনিরুল ইসলামের ছেলে।

নিহতের ভাই শাওন হোসেন বলেন, ফজরের আজানের সময় তার ভাই কাঠ বোঝাই পাওয়ার টিলার নিয়ে আলমডাঙ্গার দিকে যাচ্ছিল। এমন সময় জীবননগর-চুয়াডাঙ্গা মহাসড়কের দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের সমনে পৌছালে অতিরিক্ত কাঠ বোঁঝায় পাওয়ার টিলারের একসেল ভেঙ্গে পাওয়ার ট্রিলারের নিচে পড়ে শরীর থেকে ডান পা বিচ্ছিন ও মাথায় প্রচন্ড আঘাত পেয়ে ঘটনা স্থলেই মারা যায়। খবর পেয়ে দামুড়হুদা মডেল থানা পুলিশ মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, অতিরিক্ত কাঠ বোঝাঁয়ের কারনে একসেল ভেঙ্গে এই দুর্ঘটনা ঘটেছে।

স্নাতক পাসে চাকরি দেবে ডেককো

লেগেসি গ্রুপ

নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে ডেককো লেগেসি গ্রুপ। প্রতিষ্ঠানটি ‘এক্সিকিউটিভ- ফ্রন্ট অফিসার ’ পদে নিয়োগ দেবে। আগ্রহী যোগ্য প্রার্থীরা অনলাইনের মাধ্যমে সহজেই আবেদন করতে পারেন।

পদের নাম

এক্সিকিউটিভ- ফ্রন্ট অফিসার (অ্যাডমিনিস্ট্রেশন )।

যোগ্যতা

প্রার্থীকে যেকোনো স্বনামধন্য প্রতিষ্ঠান হতে যেকোনো বিষয়ে ন্যূনতম স্নাতক পাস হতে হবে। বয়স সর্বোচ্চ ৩০ বছর। পুরুষ এবং নারী প্রার্থীরা আবেদন করতে পারবেন। ইংরেজি এবং বাংলা উভয় ক্ষেত্রেই স্ট্যান্ডার্ড লিখিত ও মৌখিক যোগাযোগ দক্ষতা আবশ্যক থাকতে হবে। কম্পিউটার লিটারেসি, এমএস অফিস এবং ইন্টারনেট ব্যবহারের দক্ষতা থাকতে হবে।

কর্মস্থল

ঢাকা (উত্তরা, ধানমণ্ডি )।

বেতন

আলোচনা সাপেক্ষে

আবেদনের প্রক্রিয়া

আগ্রহী প্রার্থীদের বিডিজবস অনলাইনের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনের শেষ তারিখ

১২ জুলাই, ২০২২

সূত্র : বিডিজবস

ম্যাচ হারের পর যে আক্ষেপে পুড়লেন মাহমুদউল্লাহ

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের তৃতীয় টি-টোয়েন্টিতে টস জিতে ব্যাটিংয়ে নেমে বাংলাদেশ ২০ ওভারে তোলে ১৬৩ রান। ওপেনিংয়ে ৪৯ রানের ইনিংস খেলেন লিটন দাস, চারে নেমে আফিফ হোসেন করেন ফিফটি।

১৬৩ রান করেও জয়ের দেখা পায়নি টাইগাররা। অধিনায়ক নিকোলাস পুরানের টর্নেডো ইনিংসের সুবাদে ১০ বল হাতে থাকতেই জয়ের বন্দরে পৌঁছে যায় ক্যারিবীয়রা।

ম্যাচ শেষে ১০ রান ও নিকোলাস পুরানকে থামাতে না পারার আক্ষেপে পুড়লেন বাংলাদেশ অধিনায়ক মাহমুদউল্লাহ রিয়াদ।

শুরুতে ৪৩ রানে ওয়েস্ট ইন্ডিজের ৩ উইকেট তুলে নেয় বাংলাদেশ। ৭ ওভার শেষে ওয়েস্ট ইন্ডিজের রান ছিল ৪৭।

কিন্তু কাইল মায়ার্স ও নিকোলাস পুরানের ৫১ বলে ৮৫ রানের জুটি তাদেরকে জয়ের দিকে এগিয়ে নেয়। ৩৮ বলে ৫৫ রান করে আউট হন মায়ার্স। ৩৯ বলে অপরাজিত ৭৪ করে দলকে জিতিয়ে ফেরেন পুরান।

অথচ পুরানকে ১৭ রানেই থামাতে পারত বাংলাদেশ। মোসাদ্দেক হোসেনের বলে স্টাম্পিং করতে পারেননি উইকেটকিপার নুরুল হাসান সোহান।

এরপর ২৮ রানে নিজের বলে ফিল্ডিং করে রান আউটের সুযোগ কাজে লাগাতে পারেননি পেসার শরিফুল ইসলাম।

ম্যাচ শেষে সেসব প্রসঙ্গটাই তুলে ধরলেন মাহমুদউল্লাহ।

তিনি বলেন, ‘ম্যাচের আগে ১৬৩ বললে হয়তো নিয়ে নিতাম। তবে সম্ভবত ১০ রানের ঘাটতি ছিল আমাদের। ১৭০ রানের বেশি করতে পারলে ভালো হতো। লিটন ভালো ব্যাট করেছে, আফিফ দুর্দান্ত ব্যাট করেছে। বোলিংয়েও শুরুতে আমরা ভালো করেছি। তবে ওদের দুই ব্যাটসম্যান সত্যিই ভালো খেলেছে। ’

পুরানকে আউটের সুযোগ হাতছাড়া করার হতাশায় বাংলাদেশ অধিনায়ক বলেন, ‘সুযোগ এসেছিল আমাদের জন্য। রান আউটের ওই সুযোগটি গুরুত্বপূর্ণ ছিল। তবে এটাও বলতে হবে, কাইল মায়ার্স ও নিকোলাস পুরান দারুণ ব্যাটিং করেছে এবং ওদের জুটিই ম্যাচটি আমাদের কাছ থেকে বের করে নিয়ে গেছে। শুরুতে আমাদের বোলাররা ভালো করেছে, পাওয়ার প্লেতে তিনটি উইকেট নিয়েছে। (পরে) ওদের জুটিই ম্যাচ বের করে নিয়ে গেছে।’

হারের পরও কিছু ইতিবাচক দিক খুঁজে পেয়েছেন রিয়াদ। বললেন, ‘বেশ কিছু ইতিবাচক দিক আছে। ব্যাটিংয়ের দিক থেকে বললে, আমাদের ব্যাটিং পরিকল্পনা বেশ পরিষ্কার ছিল এবং দুই ওপেনার ভালো শুরু করেছে। বোলিংয়ে আমাদের খুঁজে বের করতে হবে, প্রয়োজনের সময় কীভাবে উইকেট নিতে পারি এবং সুযোগগুলো নিতে পারি।’

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন পরিষদে ভিজিএফ’র চাল বিতরণের উদ্বোধন

২০২২-২০২৩ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বাস্তবায়নে, মানবিক সহায়তা কর্মসূচির আওতায় আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে সারাদেশে বিনামূল্যে ভিজিএফ খাদ্যশষ্য (চাল) বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকালে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে ইউনিয়ন পরিষদ চত্তরে ২ হাজার অসচ্ছল, দরিদ্র পরিবারের মাঝে ১০ কেজি করে চাল বিতরণের উদ্বোধন করা হয়।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের তিন তিনবারের নির্বাচিত চেয়ারম্যান আয়ুব হোসেন উপস্থিত থেকে এই চাল বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন ট্যাগ অফিসার ফজলুর রহমান, ইউনিয়ন পরিষদের সদস্য বাবুল মল্লিক, রকিব উদ্দিন, রমজান আলী সহ ইউনিয়ন পরিষদের

সদস্যবৃন্দ, ইউনিয়ন সচিব এবং গ্রাম পুলিশের সদস্যবৃন্দ।

প্রথম প্রান্তিকে দেশের বাজারে শীর্ষ স্মার্টফোন ব্র্যান্ড স্যামসাং

চলতি বছরের প্রথম প্রান্তিকে বাংলাদেশের স্মার্টফোনের বাজারে শীর্ষস্থান দখল করেছে স্যামসাং। এসময় প্রতিষ্ঠানটি সর্বোচ্চ ১৭ দশমিক ৭ শতাংশ মার্কেট শেয়ার অর্জন করে।

স্যামসাংয়ের এ ইতিবাচক প্রবৃদ্ধির মূলে ছিল প্রতিষ্ঠানটির জনপ্রিয় গ্যালাক্সি এ সিরিজের ডিভাইসগুলো। বিশেষ করে, গ্যালাক্সি এ১৩, গ্যালাক্সি এ১২ ও গ্যালাক্সি এ০৩ কোরের মতো এন্ট্রি-লেভেলের ডিভাইসগুলো স্যামসাংকে এ অবস্থানে নিয়ে গেছে।

অন্যদিকে, প্রিমিয়াম স্মার্টফোন ক্যাটাগরিতে নতুন উন্মোচিত হওয়া গ্যালাক্সি এস২২ সিরিজের ফোনগুলোর প্রতি গ্রাহক চাহিদার পরিমাণ বেশি ছিলো। স্যামসাংয়ের এ প্রবৃদ্ধি অর্জনে এ বিষয়টি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। চলতি বছরের প্রথম প্রান্তিকে স্মার্টফোনের বাজার ৭ শতাংশ হারে হ্রাস পাওয়া সত্বেটিও এসময় স্যামসাং স্মার্টফোনের বাজারে শীর্ষস্থান দখল করেছে।

কাউন্টার পয়েন্ট রিসার্চের এক প্রতিবেদন থেকে জানা গেছে, মোট স্মার্টফোন রপ্তানির মাত্র ৯ শতাংশ হলো ফাইভজি প্রযুক্তি সমর্থিত স্মার্টডিভাইস। তবে চলতি বছরে মিড ও হাই রেঞ্জের ফাইভজি সমর্থিত ডিভাইসগুলোর রপ্তানির পরিমাণ বৃদ্ধি পাবে বলে প্রতিবেদনটিতে উঠে এসেছে।

এ প্রসঙ্গে স্যামসাং বাংলাদেশের হেড অব মোবাইল মো. মূয়ীদুর রহমান বলেন, ‘ক্রেতাদের চাহিদা এবং পরিবর্তনশীল লাইফস্টাইলকে বিবেচনায় রেখে স্যামসাং প্রতিবছর নিত্য নতুন ডিভাইস বাজারে নিয়ে আসছে। চলতি বছরের প্রথম প্রান্তিকে আমরা যে সাফল্য অর্জন করেছি

তাতে আমরা খুশী এবং সামনের দিনগুলোতে আমরা আমাদের এ জয়যাত্রা ধরে রাখতে পারবো বলে আশাবাদ ব্যক্ত করছি।’

আগামী মাসেই হতে পারে ভারত-পাকিস্তান ম্যাচ!

রাজনৈতিক বৈরিতার কারণ ভারত-পাকিস্তানের দ্বিপাক্ষিক ক্রিকেট ম্যাচ আর দেখা যায় না। বিশ্বকাপ আর এশিয়াকাপ ছাড়া দুই দলের মুখোমুখি হওয়ার সম্ভাবনা ক্ষীণ।

দুই চিরপ্রতিদ্বন্দ্বী দেশ শেষবার মুখোমুখি হয়েছিল গত ২০২১ সালে সংযুক্ত আরব আমিরাতে টি-টোয়েন্টি বিশ্বকাপে।

ওই ম্যাচে ভারতকে ১০ উইকেটে হারিয়েছিল পাকিস্তান। অক্টোবরে অস্ট্রেলিয়ায় টি-টোয়েন্টি বিশ্বকাপে ফের মুখোমুখি লড়াই করবে বাবর-কোহলিরা।

তবে তার আগেই আগস্টে আরেকবার দেখা হয়ে যেতে পারে ভারত-পাকিস্তানের। সেটি এশিয়া কাপে। টি-টোয়েন্টি ফরম্যাটে আয়োজিত এশিয়া কাপের এবারের আয়োজক শ্রীলংকা। টুর্নামেন্টটি আগামী ২৭ আগস্ট মাঠে গড়ানোর কথা, শেষ হবে ১১ সেপ্টেম্বর।

চূড়ান্ত সূচি এখনও ঠিক না করা হলেও ধারণা করা হচ্ছে টুর্নামেন্ট শুরুর পরদিন ২৮ আগস্ট সন্ধ্যা সাতটা বা আটটায় অনুষ্ঠিত হতে পারে ভারত-পাকিস্তান ম্যাচ।

লঙ্কান গণমাধ্যমের প্রতিবেদন এমনটাই বলছে। ভারত-পাকিস্তান ম্যাচ মানেই উত্তেজনার পারদ চরমে, সর্বোচ্চ সংখ্যক দর্শক।

আর ২৮ আগস্ট রোববার, তথা ছুটির দিন। এদিন ম্যাচটি অনুষ্ঠিত হলে, স্টেডিয়াম পরিপূর্ণ থাকবে। এতে করে ম্যাচ থেকে সর্বোচ্চ আয় হবে।

শ্রীলংকা ক্রিকেট বোর্ড চায়, ম্যাচটি থেকে সর্বোচ্চ আয় আসুক। এশিয়ান ক্রিকেট কাউন্সিলসহ সম্প্রচারকারী এবং স্ট্রিমাররাও চাইছে

সর্বাধিক টিআরপি। তাই আপাতত ২৮ আগস্টই ম্যাচটির সম্ভ্যাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে।

প্রসঙ্গত, এশিয়া কাপে অবশ্য সবচেয়ে সফল দল ভারত। ২০১৮ সালে সর্বশেষ এশিয়া কাপে রানার্সআপ হয় বাংলাদেশ। ফাইনালে বাংলাদেশকে হারিয়ে ভারত ডিফেন্ডিং চ্যাম্পিয়ন। ভারত এশিয়া কাপ জিতেছে মোট ছয়বার। শ্রীলংকা পাঁচবার এবং পাকিস্তান জিতেছে দুইবার।

দুই জন প্রার্থীর মনোনয়নপত্র প্রত্যাহার

মেহেরপুর সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান পদের উপনির্বাচনের ২ প্রার্থী তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নিয়েছেন।

এরা হলেন ইদ্রিস আলী মাস্টার ও মিজানুর রহমান হিরন।

আজ বৃহস্পতিবার (৭ জুলাই) মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিনে মেহেরপুর জেলা নির্বাচন অফিসারের কার্যালয় থেকে তাদের মনোনয়নপত্র প্রত্যাহার করে নেন।

ইদ্রিস আলী সদর উপজেলার কুতুবপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও কুতুবপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি। মিজানুর রহমান হিরণ মেহেরপুর জেলা যুব লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার ও উপজেলা ভাইস চেয়ারম্যান পদে উপ-নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত রিটার্নিং অফিসার মোহাম্মদ আবু আনছার এ তথ্য নিশ্চিত করেন।

উল্লেখ্য, সদর উপজেলা পরিষদের উপ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে ৬ জন প্রার্থী তাদের মনোনয়নপত্র জমা দেন।

মেহেরপুর জেলা যুবলীগের সাবেক যুগ্ম সম্পাদক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব নিশান সাবের, মেহেরপুর জেলার সাবেক ছাত্রনেতা শামিম উদ্দিন, আওয়ামীলীগের স্থানীয় নেতা আবুল হাশেম ও সাবেক ইউপি সদস্য

আলফাজ উদ্দিন।

হোটেলে ৮ ঘণ্টা কাজ করে প্রথম উপার্জন করেন সামান্থা

ভারতের দক্ষিণী সিনেমার সর্বাধিক পারিশ্রমিক পাওয়া নায়িকাদের অন্যতম সামান্থা রুথ প্রভু। টালিউড, বলিউডের পর হলিউডেও কাজের সুযোগ হয়েছে তার। নিজের গ্লামার, অভিনয় গুণ ও সৌন্দর্য সব মিলিয়ে ক্যারিয়ারে সোনালি সময় পার করছেন এ নায়িকা।

এই পর্যায়ে আসতে জীবনে অনেক সংগ্রাম করতে হয়েছে সামান্থাকে। তার প্রথম পারিশ্রমিক শুনলে যে কারও চোখ ছানাবড়া হবে।

সম্প্রতি ইনস্টাগ্রামে এক কনভারসেশনে নিজের প্রথম ইনকাম নিয়ে মুখ খোলেন সামান্থা রুথ প্রভু। এক ভক্ত তাকে প্রথম উপার্জন নিয়ে প্রশ্ন করেন। জবাবে সামান্থা জানান, তার প্রথম আয় ছিল ৫০০ রুপি। তখন তিনি দ্বাদশ কিংবা একাদশ শ্রেণিতে পড়তেন। খবর পিঙ্ক ভিলা ও এনডিটিভির।

ভিডিও শেয়ার করে সামান্থা জানান, ৮ ঘণ্টা পরিশ্রম করে ৫০০ রুপি আয় করেছিলেন। হোটেলে একটি কনফারেন্সে আয়োজনের কাজ করে ওই টাকা আয় করেন এ নায়িকা।

বর্তমানে সামান্থা বলিউডে দ্বিতীয় সর্বোচ্চ পারিশ্রমিক পাওয়া নায়িকা। প্রতি সিনেমার জন্য তিনি ৩ কোটি থেকে ৫ কোটি টাকা আয় করেন।

জনপ্রিয় অভিনেত্রী সামান্থা রুথ প্রভু ‘মাক্ষি’, ‘মেরসাল’, ‘রাঙ্গাস্থালাম’ কিংবা ‘সুপার ডিলাক্স’-এর মতো সফল সিনেমা করে তাক লাগিয়ে দিয়েছেন। এ ছাড়া তুমুল জনপ্রিয় ‘দ্য ফ্যামিলি ম্যান’ ওয়েব সিরিজে অভিনয় করেও প্রশংসিত হয়েছেন। আবার ‘পুষ্পা: দ্য রাইজ’ সিনেমার আইটেম গানে আবেদনময়ী রূপে নেচে ঝড় তুলেছেন নেট দুনিয়ায়।

[illegible] [illegible] [illegible] [